NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-831**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি**

শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**

ইস্যুর তারিখ: **বুধবার, 23 অক্টোবর, 2019**

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 12 অক্টোবর, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-831 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।

এই প্রবিধান স্কুল পর্যায়ে সহপাঠী দ্বারা যৌন হয়রানির অভিযোগ দায়ের, তদন্ত এবং মীমাংসার পদ্ধতি প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

শিক্ষার্থী-কর্তৃক-শিক্ষার্থীর যৌন হয়রানি এবং প্রতিশোধ পরায়নতা সম্পর্কিত নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নীতির ভাষাকে স্পষ্ট করে। (সেকশন I)

- এতে বিবৃত যে, যৌন হয়রানি স্কুল সম্পত্তির বাইরেও নিষিদ্ধ যখন এধরনের আচরণ শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটায় বা স্পষ্টত ব্যাঘাত ঘটাবে কিংবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা বা কল্যাণ বিপদগ্রস্ত করে বা স্পষ্টত বিপদগ্রস্ত করবে। (সেকশন I.B)
- ব্যাখ্যা প্রদান করে যে, শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট করা অথবা তার তদন্তে অংশগ্রহণের কারণে কোন ব্যক্তির বিরুদ্ধে যেকোন প্রতিকূল পদক্ষেপ গ্রহণকে প্রতিশোধমূলক বিবেচনা করা হবে। প্রতিশোধের ঘটনা তদন্ত করা হবে এবং সাক্ষ্য-প্রমাণ দ্বারা সমর্থিত হলে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। (সেকশন I.C)
- ব্যাখ্যা করে যে যৌন হয়রানি শুধু একটি ঘটনা হতে পারে কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে। (সেকশন I.D)
- ইলেক্ট্রনিক যোগাযোগের মাধ্যমে যৌন হয়রানির সংজ্ঞা প্রদান করে এবং ওই সব উদাহরণের মধ্যে আছে সামাজিক মিডিয়া, ব্লগ, চ্যাট রুম, এবং গেইমিং সিস্টেম। (সেকশন I.E)
- যৌন প্রকৃতির কোন মিথ্যা বলা অথবা গুজব ছড়ানো, এবং অন্যান্য অনেক কিছুর মতো টেকনোলজি ব্যবহার করে স্টকিং করা, কদর্য দৃষ্টি প্রদর্শন, যৌন ছেনালি করা, এবং চিমটি কাটার মতো আচরণকে অন্তর্ভুক্ত করতে যৌন হয়রানিমূলক আচরণের উদাহরণগুলিকে সম্প্রসারিত করে। (সেকশন I.F)
- সংজ্ঞার সেকশনটি বাদ দেয়া হয়েছে
- এই প্রবিধানে "রিপোর্ট" শব্দটি যেভাবে ব্যবহৃত হয়েছে তার সংজ্ঞা প্রদান করে – এটি দিয়ে বোঝায় শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানি যা অভিযোগের যে ভুক্তভোগী তার অথবা অন্য কারো দ্বারা রিপোর্টকৃত। (সেকশন II.A)
- স্পষ্ট করে যে, প্রত্যেক প্রিন্সিপ্যাল ডেজিগনেট কমপক্ষে (1) একজন কর্মী সদস্য যৌন হয়রানি প্রতিরোধে লিঁয়াজো হিসেবে কাজ করবেন যার কাছে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট করা যাবে এবং যিনি শিক্ষার্থী এবং কর্মীদের রিসোর্স হিসেবে পরিষেবা প্রদান করবেন। এই যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো অবশ্যই একজন

লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করবেন। (সেকশন II.B)

- আরও যোগ করে যে, যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজোর অবশ্যই ট্রেনিং থাকতে হবে। যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো তার পদ ত্যাগ করে, সেক্ষেত্রে প্রিন্সিপ্যালকে অবশ্যই অন্য একজন যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজোর নিয়োগদান নিশ্চিত করতে হবে এবং 30 দিনের মধ্যে তাকে ওই ধরনের ট্রেনিং দিতে হবে। অন্তর্বর্তী কালে, প্রিন্সিপ্যাল অবশ্যই দ্রুত একজন অন্তর্বর্তী যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো নিযোগ দেবেন। (সেকশন II.B.1).
- আবশ্যক যে, যদি একজন যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো সাময়িকভাবে স্কুলে দীর্ঘসময়ের জন্য দায়িত্ব পালনে অসমর্থ হন, প্রিন্সিপ্যাল অবশ্যই ওই যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো ফিরে না আসা পর্যন্ত অন্য একজন যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজোকে অন্তর্বর্তীকালীন নিযোগ দেবেন। (সেকশন II.B.2).
- আরও যোগ করে যে, যেকোন কর্মী সদস্য যিনি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর প্রতি যৌন হয়রানির ঘটনা দেখেছেন বা জানেন অথবা শুনে থাকেন যে, একজন শিক্ষার্থী কর্তৃক আরেকজন শিক্ষার্থী এধরনের আচরণের শিকার হয়ে থাকতে পারে, তাকে আবশ্যিকভাবে দ্রুত এক স্কুলদিনের মধ্যে কথিত ঘটনাটি মৌখিকভাবে রিপোর্ট করতে হবে এবং ঘটনাটির বিবরণসহ লিখিত কমপ্লেইন্ট/রিপোর্টিং ফরম মৌখিক রিপোর্ট করার দুই স্কুলদিনের মধ্যে জমা দিতে হবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যেন রিপোর্টিংয়ের হার্ড কপি তাৎক্ষণিকভাবে লভ্য থাকে। (সেকশন II.C)
- হাইপারলিংক/url-সহ কমপ্লেইন্ট/রিপোটিং ফরমের সংযুক্তি সংশোধন এবং স্থানান্তরিত করে। (সেকশন II.C এবং D)
- যোগ করে যে, শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট মৌখিক অথবা লিখিতভাবে করা যেতে পারে, এর অন্তর্ভুক্ত প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো, অথবা যেকোন স্কুল কর্মী সদস্যের কাছে অভিযোগ/রিপোর্টিং ফরম জমাদান, অথবা সেটি অনলাইন পোর্টালে হতে পারে। অনলাইন পোর্টালে হাইপারলিংক/ url-ও যোগ করা হয়েছে। (সেকশন II.D)
- যোগ করে যে, শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল-কর্মী ব্যতীত অন্য ব্যক্তিগণ অজ্ঞাত পরিচয়ে রিপোর্ট করতে পারেন, এবং সেসব রিপোর্টের তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাত পরিচয়ের রিপোর্টার কর্তৃক তথ্য প্রদান করা হয়েছে তেমনটি ধরা হবে। (সেকশন II.G)
- আবশ্যিক করে যে, যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির সকল রিপোর্ট দ্রুত প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে রিপোর্ট করেন। (সেকশন II.H)
- স্পষ্ট করে যে, সকল লিখিত রিপোর্ট (যেমন ইমেইল, অভিযোগ/রিপোর্টিং ফরম ব্যবহারকৃত রিপোর্টসমূহ) অবশ্যই স্কুলের তদন্তাধীন ফাইলে সংরক্ষিত থাকবে। (সেকশন II.I)
- আবশ্যিক করে যে, যৌন হয়রানির সকল রিপোর্ট যৌন হয়রানির রিপোর্ট পাবার এক (1) স্কুল দিবসের মধ্যে অবশ্যই অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেমে (OORS) এন্টার করতে হবে। (সেকশন II.J)
- শর্ত প্রদান করে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি যখনই রিপোর্ট পাবেন অভিযোগের যে শিকার তার পিতামাতাকে এবং অভিযোগের অভিযুক্ত শিক্ষার্থীকে অবশ্যই পরামর্শ দেবেন। এই ধরনের নোটিফিকেশন অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে কিন্তু প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক রিপোর্ট লাভের দুই (2) স্কুল দিবসের মধ্যে সেটি করতে হবে। (সেকশন II.K)

- যোগ করে যে, যদি কথিত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে এ ধরনের অবহিতকরণের ব্যাপারে সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কথা জানায়, তাহলে প্রিন্সিপ্যাল/স্থতার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি গোপনীয়তা ও সুরক্ষা সমস্যা বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবেন বিষয়টি কথিত অভিযুক্তের পিতামাতাকে অবহিত করা হবে কিনা। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি এই সিদ্ধান্ত নেয়ার ব্যাপারে অফিস অভ জেনারেল কাউন্সেলের সঙ্গে পরামর্শ করতে পারেন। (সেকশন II.K)
- স্পষ্ট করে যে, যেখানে কথিত আচরণ কোন একটি অপরাধজনিত কর্মকাণ্ড বিবেচিত হয়, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই পুলিশের সাথে যোগাযোগ করবেন, এবং সিনিয়র ফিল্ড কাউন্সেল এবং/অথবা বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেসের সাথে পরামর্শ করতে পারেন। (সেকশন II.L)
- যোগ করে যে, অভিযোগটি যদি অভিযোগের গুরুত্বের নিরিখে স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই ডিপার্টমেন্ট অভ এডুকেশনের টাইটেল নাইন কোঅর্ডিনেটরের সাথে পরামর্শ করবে। (সেকশন II.M)
- ব্যাখ্যা করে যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির এব রিপোর্ট পাওয়ার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে তদন্ত করতে হবে। (সেকশন III.A)
- উল্লেখ করে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি যখন কোন তদন্ত পরিচালনা করবেন, তখন তাকে সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি সংরক্ষণ করতে হবে। (সেকশন III.A)
- যোগ করে যে, তদন্তের অংশ হিসেবে, প্রাসঙ্গিক প্রমাণ অবশ্যই জোগাড় করতে হবে (যেমন ভিডিও পাহারা) এবং অনাকাঙ্খিত সাইবার-বিষয়ে কী কী ব্যবস্থা নেয়া যেতে পারে তার গাইডেন্স দেখুন, এবং প্রয়োজন বোধে বরো সেফাট ডিরেক্টর এবং সিনিয়র ফিল্ড কাউন্সেলের পরামর্শ নিন। (সেকশন III.A.6).
- ব্যাখ্যা দেয় যে, তদন্তের শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে এবং অভিযোগসমূহ পর্যাপ্ত প্রমাণের দ্বারা সমর্থিত কি-না, সে বিষয়টি নিশ্চিত করতে হবে। (সেকশন III.B)
- ব্যাখ্যা দেয় যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নির্ধারণ করবেন অভিযোগের আচরণে এই প্রবিধানের লঙ্ঘন হয়েছে কিনা। (সেকশন III.C)
- কোন সিদ্ধান্ত গ্রহণ বিবেচনায় আরও উপাদানের উদাহরণও যোগ করে যে, এই প্রবিধানের কোন লঙ্ঘন ঘটেছে কিনা, যেমন আচরণটি ভুক্তভোগীর শিক্ষা, আচরণ, সামাজিক মেলামেশা, মানসিক এবং আবেগজনিত কল্যাণে কোন গুরুতর বিরূপ প্রভাব ফেলেছে কিনা এবং ভুক্তভোগীর সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কারণ ঘটিয়েছে কিনা। (সেকশন III.C)
- উল্লেখ করে যে, তদন্ত শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)-এ লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগ প্রমাণিত হয়েছে কি-না সে সিদ্ধান্ত; এবং সে আচরণটির ফলে এই প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, সে সিদ্ধান্ত। কথিত শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে এই তথ্য অবশ্যই অনলাইন রিপোর্টিং সিস্টেমে এন্টার করতে হবে, পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া। অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেমের রিপোর্টের একটি কপি অবশ্যই টাইটেল নাইন কোঅর্ডিনেটর এবং বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেসের কাছে পাঠাতে হবে। (সেকশন III.D)

- আবশ্যিক করে যে, কোন যৌন হয়রানির রিপোর্ট পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে, পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া, পিতামাতাকে অবশ্যই লিখিতভাবে জানাতে হবে অভিযোগটি প্রমাণিত হয়েছে কিনা এবং আচরণটি এই প্রবিধানের লঙ্ঘনের পর্যায়ে পড়ে কিনা। (সেকশন III.E)
- যোগ করে যে, আগে কখনও যদি অথবা তদন্তের সময়ে, এটি নির্ধারিত হয় যে তদন্তের চূড়ান্ত ফলাফলের আগে হস্তক্ষেপ এবং সহায়তা যথাযথ, পিতামাতাকে অবশ্যেই জানাতে হবে এবং যথাযথ হস্তক্ষেপ এবং সহায়তার বিষয়গুলি বাস্তবায়ন করতে হবে। (সেকশন III.G)
- আবশ্যিক করে যে, যেখানে যথাযথ, সেখানে কথিত ভুক্তভোগী, অভিযুক্ত শিক্ষার্থী, এবং সাক্ষীদেরকে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। (সেকশন IV.B)
- হস্তক্ষেপ এবং সহায়তার বাড়তি উদাহরণ প্রদান করে যার অন্তর্ভুক্ত মেডিকেল সার্ভিসে রেফারাল, অ্যাকাডেমিক সহায়তা এবং মানানসইকরণ (যেমন ক্লাস, লাঞ্চ/অবসর অথবা আফটার-স্কুল সময়সূচিতে পরিবর্তন), ব্যক্তিক সহায়তা পরিকল্পনা তৈরি, অথবা চ্যান্সেলরের প্রবিধান অনুযায়ী সুরক্ষা-সংক্রান্ত ট্র্যান্সফার। (সেকশন IV.B)
- উল্লেখ করে যে, কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা তার অধিকবার লঙ্ঘন করেছে, তাদের জন্য একটি ব্যক্তিক সহায়তা পরিকল্পনা অবশ্যই তৈরি ও বাস্তবায়ন করতে হবে। (সেকশন IV.B)
- আবশ্যিক করে যে, তদন্ত শেষ হওয়া এবং সিদ্ধান্ত গ্রহণের পর, ভুক্তভোগী এবং অভিযুক্ত শিক্ষার্থী, এবং যথাযথ সাক্ষীদের ব্যাপারে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার মূল্যায়ন অবশ্যই কেস-বাই-কেস ভিত্তিতে করা হবে এবং অবশ্যই যথোপযুক্তভাবে মনিটর এবং পরিমার্জন করা হবে। (সেকশন IV.B)
- ব্যাখ্যা দেয় যে, যে শিক্ষার্থী প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 (সেকশন IV C)-তে বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে। (সেকশন IV.D)
- উল্লেখ করে যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই সকল পক্ষ এবং সাক্ষীদেরকে প্রদত্ত সব মধ্যস্থতা এবং সহায়তার বিষয় এবং নিষিদ্ধ আচরণে সম্পৃক্ত শিক্ষার্থী বিরুদ্ধে গৃহীত সকল শৃঙ্খলাজনিত পদক্ষেপসমূহ সাসপেনশনে এবং অফিস অভ হিয়ারিংস্-এ অনলাইনে OORS-এর মাধ্যমে এন্টার করবেন। (সেকশন IV.E)
- সেকশনের শিরোনামে "নিবারণ" শব্দটি সংযোজন করেছে। (সেকশন V)
- হাইপারলিংক/url-সহ নমুনা নোটিসের সংযুক্তি অপসারণ করে অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট কর্তৃক প্রস্তুত করা লিখিত বিষয় হিসেবে স্থলাভিষিক্ত করে। (সেকশন V.A)
- হাইপারলিংক/url-সহ নমুনা ব্রসিউর সংযুক্তি সংশোধন করে অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট কর্তৃক প্রস্তুত করা নোটিসে স্থলাভিষিক্ত করে। স্কুলবছরে স্কুলে প্রবেশকারী পিতামাতা এবং শিক্ষার্থীকে নিবন্ধনের পর অবশ্যই একটি কপি দিতে হবে। (সেকশন V.B)
- ব্যাখ্যা দেয় যে, যেকোন পরিস্থিতিতে মধ্যস্থতা ও দ্বন্দ্ব নিরসনের কোনোটাই এই প্রবিধানের লঙ্ঘনজনিত কোন আচরণের জন্য উপযুক্ত হস্তক্ষেপ নয় এবং হস্তক্ষেপ এবং সহায়তা বিষয়ে বাড়তি তথ্যের জন্য এবং কোন ট্র্যান্সফার পাবার নীতি ও প্রক্রিয়ার ব্যাপারে শৃঙ্খলা বিধি এবং চ্যান্সেলরের প্রবিধান A-101 ও A-449-এর উল্লেখ করে। (সেকশন IV.B)

- আবশ্যিক করে যে, যৌন হয়রানি প্রতিরোধের লিঁয়াজোর নাম এবং যোগাযোগের তথ্য স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত থাকবে। (সেকশন V.C)
- স্পষ্ট করে যে, শিক্ষানির্দেশনায় যেসব কর্মী সম্পৃক্ত নয় তাদেরকে অবশ্যই এই প্রবিধানের বিষয়ে তথ্য প্রদান এবং ট্রেনিং দিতে হবে। (সেকশন V.D)
- উল্লেখ করে যে, প্রত্যেক প্রিন্সিপ্যাল যৌন হয়রানি (এর অন্তর্ভুক্ত যৌন সহিংসতা), বৈষম্য-নিরসন নীতি এবং আইন, ক্ষোভ প্রকাশের প্রক্রিয়া শনাক্তকরণ এবং তা প্রতিরোধ করার বিষয়ে এবং বিভিন্ন পক্ষের জন্য লভ্য রিসোর্স সম্পর্কে অবশ্যই ট্রেনিং লাভ করবে। (সেকশন V.E)
- উল্লেখ করে যে, প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই এটি নিশ্চিত করবে যে প্রিন্সিপ্যাল কর্তৃক নিয়োগ প্রাপ্ত ব্যক্তি তদন্ত পরিচালনা করবে এবং যৌন হয়রানি প্রতিরোধের লিঁয়াজো যৌন হয়রানি এবং বৈষম্য শনাক্তকরণ এবং এর প্রতিরোধ বিষয়ে ট্রেনিং পাবে। (সেকশন V.E)
- উল্লেখ করে যে, কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যান অবশ্যই যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো(গণে)র নাম উল্লেখ করবেন। (সেকশন VI.A)
- আবশ্যিক করে যে, কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যান অবশ্যই এ বিষয়টি স্পষ্ট করবে যে, এই প্রবিধানটি শিক্ষানির্দেশনা বিষয়ে সংশ্লিষ্ট নয় এমন কর্মীদের সাথেও আলোচিত হয়েছে। (সেকশন VI.B)
- আবশ্যিক করে যে কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট অবশ্যই সত্যায়িত করবে এবং দেখাবে যে, প্রিন্সিপ্যাল, যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজো, এবং তদন্ত পরিচালনার জন্য যে ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়েছে তারা সবাই ট্রেনিং নিয়েছে। (সেকশন VI.C)
- উল্লেখ করে যে, অভিযোগের ন্যায় বিচার লাভের সুবিধা প্রদানের জন্য পুলিশি তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতার বিপরীতে এবং/অথবা তদন্ত বা সমাধান করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে গোপনীয়তাকে অবশ্যই সুসমঞ্জসপূর্ণ হতে হবে। (সেকশন VII)
- শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির একটি বাহ্যিক অভিযোগ দায়ের করার জন্য তথ্য প্রদান করে। (সেকশন VII)
- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের টাইটেল নাইন কোঅর্ডিনেটর এবং হাইপারলিংক/ urls-এর যোগাযোগ তথ্য টাইটেল নাইন ওয়েবসাইটে যোগ করে। (সেকশন IX)
- অফিসগুলির নাম হালনাগাদ করে।

নম্বর: **A-831**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানি**

শ্রেণি: **শিক্ষার্থীবৃন্দ**

ইস্যুর তারিখ: **23 অক্টোবর, 2019**

সার-সংক্ষেপ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি মুক্ত। এ ধরনের হয়রানি স্কুলে, স্কুল চলাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, এগুলো শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নীতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ এবং তা মেনে নেওয়া হবে না। এই প্রবিধান যেমনটি নিচে উল্লিখিত আছে যৌন হয়রানি প্রতিরোধ লিঁয়াজোর নিয়োগ ও এই প্রবিধান বিষয়ে ট্রেনিং প্রদান বাধ্যতামূলক করে এবং কে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট করবে সেবিষয়টিও। এই প্রবিধান শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ঘটনা রিপোর্ট, তদন্ত, বিজ্ঞপ্তি প্রদান এবং পরিবর্তি খোঁজ-খবর রাখার পদ্ধতি নির্ধারণ করে। যেসব শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয়েছে যা এই প্রবিধানের লঙ্ঘন বিবেচিত হয়, তারা হস্তক্ষেপ, সহায়তা, এবং শৃঙ্খলাজনিত পদক্ষেপ যা বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লারনিং' ("ডিসিপ্লিন কোড") এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ, সামঞ্জস্যপূর্ণ ও শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে। যারা ক্ষতিগ্রস্ত ও সাক্ষী, তারা প্রয়োজনীয় হস্তক্ষেপ ও সহায়তা লাভ করবে। শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যর অভিযোগসমূহ (এর অন্তর্ভুক্ত ওই সব বৈষম্য যার ভিত্তি লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, এবং যৌন অগ্রাধিকার), হয়রানি, ভীতি-প্রদর্শন এবং/অথবা বুলিইং – এসবের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-832 দেখুন।

I. নীতি

A. DOE-এর নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানির মতো পরিবেশ মুক্ত। যৌন প্রকৃতির কোন অযাচিত আচরণ অথবা যোগাযোগের মাধ্যমে একজন শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি করা এই প্রবিধানের লঙ্ঘন যা পর্যাপ্ত পরিমাণে গুরুতর, পরিব্যাপক, অথবা পৌনপৌনিক যেমন: (1) শিক্ষা কর্মসূচি, স্কুল-পৃষ্ঠপোষিত কর্মকাণ্ড, অথবা শিক্ষার্থীর শিক্ষার অপর কোন বিষয়ে শিক্ষার্থীর অংশগ্রহণের ক্ষেত্রে অথবা লাভ অর্জনে উল্লেখযোগ্য ব্যাঘাত সৃষ্টি করে; (2) একটি বিদ্বেষপূর্ণ, আক্রমণাত্মক, অথবা ভীতিকর স্কুল পরিবেশ সৃষ্টি করে; অথবা (3) অন্য কোনভাবে একজন শিক্ষার্থীর শিক্ষা সুবিধায় নেতিবাচক প্রভাব ফেলে।

B. যৌন হয়রানির ঘটনা স্কুলে, স্কুল চলাকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, এগুলো শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নীতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ।

C. DOE-র এই নীতি হলো যেকোন শিক্ষার্থী, পিতামাতা, অথবা DOE কর্মী যে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির অভিযোগের ঘটনা সরল বিশ্বাসে রিপোর্ট করে বা সেসব ঘটনার তদন্তে অংশগ্রহণ করে তার বিরুদ্ধে প্রতিশোধমূলক কোন পদক্ষেপ গ্রহণ নিষিদ্ধ করা। কোনো ধরনের সুরক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের কারণে কোনো ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ প্রতিশোধমূলক বলে বিবেচিত। প্রতিশোধের ঘটনা তদন্ত করা হবে এবং সাক্ষ্য-প্রমাণ দ্বারা সমর্থিত হলে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এই প্রবিধানে যখনই “পিতামাতা” শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে।

D. শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর যৌন হয়রানি হচ্ছে একজন শিক্ষার্থী কর্তৃক আরেকজন শিক্ষার্থীর প্রতি যৌন প্রকৃতির অযাচিত আচরণ এবং/অথবা যোগাযোগ। এ ধরনের আচরণ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের লিঙ্গ, যৌন পক্ষাপত, লিঙ্গ পরিচয় নির্বিশেষে যৌন হয়রানি বলে গণ্য হতে পারে। যৌন হয়রানি শুধু একটি ঘটনা হতে পারে কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে।

E. শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানি অনেক ধরনের হতে পারে। এটি মৌখিক, মৌখিক নয় এমন, শারীরিক, লিখিত অথবা ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের মাধ্যমে হতে পারে। ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের মাধ্যমে যে হয়রানি তার মধ্যে আছে ইনফরমেশন টেকনোলজির মাধ্যমে যোগাযোগ – এর মধ্যে আছে, কিন্তু এতেই সীমিত নয়: ইন্টারনেট; সেলফোন; ইমেইল; পার্সোন্যাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট; ওয়্যারলেস হ্যান্ডহেল্ড ডিভাইস; সোশ্যাল মিডিয়া; ব্লগ।

F. যৌন হয়রানির অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমিত নয়:

- যৌন কর্মকাণ্ড অথবা পক্ষপাতিত্বের জন্য চাপ সৃষ্টি করা অথবা অনুরোধ জানানো;
- যৌন সহিংসতা অথবা জোরপূর্বক আচরণে সংশ্লিষ্ট হওয়া (যেমন আঘাত, ধর্ষণ) অথবা যৌন কর্ম করার জন্য কোন ব্যক্তিকে জোর করা।
- যৌন প্রকৃতির কোন দৈহিক আচরণে সংশ্লিষ্টতা যেমন কোন ব্যক্তির শরীর অথবা, পোশাক স্পর্শ করা, আদর-করা, চুমু খাওয়া, চিমটি কাটা, জাপ্টে ধরা অথবা অন্য ব্যক্তির সাথে ঘষাঘষি করা;
- যৌন বিবৃতি প্রদান, বক্রোক্তি করা, কোন উক্তি করা, অপমানজনক কিছু বলা, হুমকি-প্রদান, টিজিং এবং/অথবা ঠাট্টা-তামাশা করা অথবা যৌন প্রকৃতির কোন অযাচিত প্রশ্ন করা;
- কোন ব্যক্তির শরীর সম্পর্কিত গ্রাফিক, মৌখিক, অথবা লিখিত মন্তব্য করা;
- অশ্লীল অঙ্গভঙ্গি করা;
- অন্য ব্যক্তিকে শিকার হিসেবে ধরার জন্য অনুসরণ করা – এর মধ্যে আছে টেকনোলজির ব্যবহারের মাধ্যমে
- লালসাপূর্ণ চাহনি, যৌন ছেনালি, অথবা প্রস্তাব দান;
- যৌন প্রকৃতির মিথ্যা অথবা গুজব ছড়িয়ে বেড়ানো;

- যৌনতা নির্ভর অথবা ইঙ্গিতপূর্ণ চিত্র, ভিডিও, অডিও রেকর্ডিং, ছবি, অথবা ড্রইং কোন অনুমতি ছাড়া রেকর্ড, পোস্ট, প্রদর্শন, এবং/অথবা বিতরণ করা; এবং
- বর্তমান অথবা প্রাক্তন প্রেমিক অথবা সম্ভবনাময় ডেটিং পার্টনারকে ক্ষতি করা, ভয় দেখান, অথবা নিয়ন্ত্রণ করার জন্য শারীরিক, যৌন, মৌখিক এবং/অথবা আবেগিক হুমকি প্রদান অথবা নিগ্রহ করা (প্রেমিক নিগ্রহ)।

II. রিপোর্ট করার প্রক্রিয়া

A. এই প্রবিধানে "রিপোর্ট" শব্দটি যেভাবে ব্যবহৃত হয়েছে তার অর্থি দিয়ে বোঝায় শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানি যা অভিযোগের যে ভুক্তভোগী তার অথবা অন্য কারো দ্বারা রিপোর্টকৃত রিপোর্ট (যেমন স্কুল-কর্মী, পিতামাতা, অন্য শিক্ষার্থী)।

B. প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই কমপক্ষে (1) একজন কর্মী সদস্যকে যৌন হয়রানি প্রতিরোধের (SHP) লিঁয়াজো হিসেবে কাজের জন্য নিয়োগ দেবেন যার কাছে শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট করা যাবে এবং যিনি শিক্ষার্থী এবং কর্মীদের রিসোর্স হিসেবে পরিষেবা প্রদান করবেন। RFA লিয়াজোঁ অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করবেন।

1. সকল সময়ে, স্কুলে অবশ্যই একজন SHP লিঁয়াজো থাকবেন যিনি সেকশন V.D-তে বর্ণিত ট্রেনিং লাভ করেছেন। যদি কোন কারণে SHP লিঁয়াজো তার পদ ত্যাগ করেন, প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন নতুন SHP লিঁয়াজোকে নিয়োগ দেয়া হয়েছে এবং তিনি 30 দিনের মধ্যে ওই ধরনের ট্রেনিং পেয়েছেন। অন্তর্বর্তী কালে, প্রিন্সিপ্যাল অবশ্যই একজন অন্তর্বর্তী SHP লিয়াজোঁ নিয়োগ দেবেন।

2. যদি কোন পরিস্থিতিতে SHP লিঁয়াজো দীর্ঘ সময়ের জন্য স্কুলে তার দায়িত্ব পালনে ব্যর্থ হন, প্রিন্সিপ্যাল অবশ্যই অন্য একজন ব্যক্তিকে অন্তর্বর্তীকালীন হিসেবে তার দায়িত্ব পালনে নিয়োগ দেবেন যে পর্যন্ত না SHP লিঁয়াজো ফিরে আসেন।

C. যেকোন কর্মী সদস্য যিনি শিক্ষার্থী-কর্তৃক-শিক্ষার্থীকে যৌন হয়রানির সাক্ষী অথবা যিনি অবগত আছেন বা নোটিস পেয়েছেন যে, কোন একজন শিক্ষার্থী অন্য শিক্ষার্থী কর্তৃক যৌন হয়রানির শিকার – তাকে আবশ্যিকভাবে ওই অভিযোগের কর্মকাণ্ড SHP লিঁয়াজো অথবা প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে তাৎক্ষণিক মৌখিকভাবে এক (1) স্কুল দিবসের মধ্যে রিপোর্ট করতে হবে এবং ঘটনার বর্ণনা দিয়ে 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-831-reporting-form.pdf?sfvrsn=43ca449 ওয়েবপেজে) SHP লিঁয়াজো অথবা প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে মৌখিক রিপোর্ট করার দুই (2) স্কুল দিবসের মধ্যে জমা দিতে হবে। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যেন রিপোর্টিংয়ের হার্ড কপি তাৎক্ষণিকভাবে লভ্য থাকে।

D. স্টাফ ছাড়া শিক্ষার্থী, পিতামাতা এবং অন্য যে কোনো ব্যক্তি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগের রিপোর্ট মৌখিক বা লিখিতভাবে করতে পারে এর অন্তর্ভুক্ত হতে পারে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, SHP লিঁয়াজো, অথবা অন্য যেকোন স্কুল কর্মী সদস্যের কাছে কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-831-reporting-form.pdf?sfvrsn=43ca449 ওয়েবপেজে) জমাদান কিংবা অনলাইন পোর্টালের মাধ্যমে (যা যাওয়া যাবে https://www.nycenet.edu/bullyingreporting ওয়েবপেজে) অভিযোগ দায়ের।

E. যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে, তারা অন্য শিক্ষার্থী কর্তৃক যৌন হয়রানির শিকার অথবা যাদের কাছে এই ধরনে ঘটনার প্রমাণ বা তথ্য আছে তাদের উচিত দ্রুত ঘটনাটি রিপোর্ট করা।

F. যদি কোন শিক্ষার্থী বা পিতামাতার স্কুলে রিপোর্ট করা নিয়ে উদ্বেগ থাকে, তাহলে সে শিক্ষার্থী/পিতামাতা ইমেইলের মাধ্যমে রিপোর্টটি RespectForAll@schools.nyc.gov. ঠিকানায় পাঠিয়ে অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট (OSYD)-এ যোগাযোগ করতে পারেন। যেসব ক্ষেত্রে এটি যথাযথ হতে পারে তার কয়েকটি উদাহরণ: শিক্ষার্থী/পিতামাতা যদি নিশ্চিত না হয় আচরণটি এই প্রবিধানের আওতায় পড়ে কিনা; যদি শিক্ষার্থী/পিতামাতা ইতোপূর্বে অভিযোগ করে থাকে এবং আচরণ অব্যাহত থাকে; অথবা যদি শিক্ষার্থী/পিতামাতা বিষয়টি প্রকাশ সম্পর্কে উদ্বিগ্ন থাকে। এরকম পরিস্থিতিতে, OSYD এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ ফলোআপ পদক্ষেপ নির্ধারণ করবে।

G. স্কুল-কর্মী ব্যতীত শিক্ষার্থী, পিতামাতা এবং অন্য ব্যক্তিগণ অজ্ঞাতনামা হিসেবে রিপোর্ট করতে পারেন, এবং এ ধরনের রিপোর্টের এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসারে তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাতনামা রিপোর্টার কাছ থেকে তথ্য পাওয়া গেছে বলে গৃহীত হবে।

H. SHP লিয়াজোঁকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্ত সকল রিপোর্টের বিষয়ে জানাতে হবে।

I. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সকল লিখিত রিপোর্ট [যেমন ইমেইল, 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম'ব্যবহার করে রিপোর্ট (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-831-reporting-form.pdf?sfvrsn=43ca449 ওয়েবসাইটে] অবশ্যই স্কুলের তদন্তাধীন ফাইলে সংরক্ষিত থাকবে।

J. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল রিপোর্ট অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম-এ ("OORS") রিপোর্ট পাওয়ার এক (1) স্কুল দিবসের মধ্যে লিপিবদ্ধ করতে এবং সেকশন III অনুযায়ী দ্রুত তদন্ত করতে হবে।

K. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যখনই কোনো রিপোর্ট পান, তাকে ক্ষতিগ্রস্ত ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে অভিযোগের ঘটনা সম্পর্কে অবশ্যই পরামর্শ দিতে হবে। এই ধরনের নোটিফিকেশন অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে কিন্তু প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কর্তৃক রিপোর্ট লাভের দুই (2) স্কুল দিবসের মধ্যে সেটি হতে হবে। যদি কথিত ক্ষতিগ্রস্ত প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্তকে এ ধরনের অবহিতকরণের ব্যাপারে সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কথা জানায়, তাহলে প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্ত গোপনীয়তা ও সুরক্ষা সমস্যা

বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবেন বিষয়টি কথিত অভিযুক্তের পিতামাতাদেরকে অবহিত করা হবে কিনা। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সিদ্ধান্ত নেয়ার ব্যাপারে সিনিয়র ফিল্ড কাউন্সেলের সঙ্গে পরামর্শ করতে পারেন।

L. যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত বিশ্বাস করেন যে কথিত আচরণ অপরাধমূলক কর্মকাণ্ডের আওতায় পড়ে, সেখানে তাকে অবশ্যেই পুলিশের সঙ্গে যোগাযোগ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেল এবং/অথবা বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিস-এর সাথে পরামর্শ করতে পারেন।

M. অভিযোগটি যদি অভিযোগের গুরুত্বের নিরিখে স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই DOE-র টাইটেল নাইন কোঅর্ডিনেটরের সাথে পরামর্শ করবেন।

III. তদন্ত

A. সকল রিপোর্টের তদন্ত করতে হবে। সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি থাকলে তা সংরক্ষণ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বাস্তবিকপক্ষে যতটুকু সম্ভব দ্রুত নিম্নলিখিত সুনির্দিষ্ট তদন্তের পদক্ষেপ গ্রহণ করতে হবে, তবে তা রিপোর্ট করার পাঁচ (5) স্কুল দিবসের পরে হতে পারবে না;

1. ঘটনায় কথিত ক্ষতিগ্রস্ত ব্যক্তির সাক্ষাৎকার;
2. কথিত ক্ষতিগ্রস্তকে বলবেন একটি লিখিত বিবৃতি তৈরি করতে যেখানে যত বেশি সম্ভব খুঁটিনাটি বর্ণনা থাকে, যার মধ্যে রয়েছে আচরণের বিবরণ, কখন এবং কোথায় ঘটনাটি ঘটেছে এবং কে দেখে থাকতে পারেন;
3. অভিযুক্ত শিক্ষার্থীকে ইন্টারভ্যু করবেন এবং ঘটনাটি ঘটে থাকলে, তাকে পরামর্শ দেবেন অবিলম্বে এধরনের আচরণ বন্ধ করতে;
4. অভিযুক্ত শিক্ষার্থীকে একটি লিখিত বিবৃতি তৈরি করতে বলবেন;
5. সাক্ষীদের সাক্ষাৎকার এবং লিখিত বিবৃতি নেবেন; এবং
6. প্রাসঙ্গিক কোনো প্রমাণ থাকলে (যেমন ছবি(সমূহ), ভিডিও পর্যবেক্ষণ বা অডিও রেকর্ডিং যেখানে যা প্রযোজ্য) সংগ্রহ করবেন। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অনুপযুক্ত সাইবার-বিষয়াদি কীভাবে নিতে হবে সেব্যাপারে DOE-এর গাইডেন্স অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে তাদের বরো সেফটি ডিরেক্টর ও সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।

B. তদন্তের শেষে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে ও পর্যাপ্ত প্রমাণ দ্বারা অভিযোগের বস্তুনিষ্ঠতা নিশ্চিত করতে হবে (যেমন সকল প্রমাণের একটি পর্যালোচনার ভিত্তিতে কিনা, এর অন্তর্ভুক্ত সকল পক্ষ এবং সাক্ষীদের প্রমাণের মান ও বিশ্বাসযোগ্যতা, কথিত ঘটনাটি সংঘটনের সম্ভাব্যতা অধিক বই কম নয়)।

C. যদি অভিযোগ বস্তুনিষ্ঠ হয়, তাহলে আচরণটি এই প্রবিধান ভঙ্গ করেছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে। এটা নিশ্চিত করতে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই আচরণটির পারিপার্শ্বিক পরিস্থিতিকে সম্পূর্ণরূপে মূল্যায়ন করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ব্যক্তিকে বিবেচনা

করতে হবে কিছুসংখ্যক বিষয়কে, সেগুলোর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে পারে, তবে তা এগুলোতেই সীমিত নয়:

- সংশ্লিষ্ট পক্ষগুলোর বয়স;
- আচরণের ধরন, তীব্রতা ও পরিসর;
- আচরণটি যৌন ধরনের কিনা;
- আচরণটি আপত্তিকর কিনা;
- আচরণটি অনাকাঙ্ক্ষিত কিনা;
- আচরণের পৌনঃপুনিকতা ও স্থায়িত্বকাল;
- আচরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের সংখ্যা;
- কোন পরিস্থিতিতে আচরণটি সংঘটিত হয়েছে;
- আচরণটি কোথায় সংঘটিত হয়েছে;
- এই শিক্ষার্থীদের দ্বারা স্কুলে আর কোন ঘটনা সংঘটিত হযেছে কিনা;
- আচরণটি ক্ষতিগ্রস্তের শিক্ষায় কোন বিরূপ প্রভাব ফেলেছি কিনা, এর মধ্যে আছে উপস্থিতি, অ্যাকাডেমিক কর্মসম্পাদনা, বা পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণ;
- আচরণটি স্কুলে ক্ষতিগ্রস্ত পক্ষের আচরণ বা সামাজিক মেলামেশায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- ক্ষতিগ্রস্ত পক্ষের নিরাপত্তার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়েছে কি না; এবং
- ক্ষতিগ্রস্ত পক্ষের মানসিক,আবেগজনিত বা শারীরিক সুস্থতার উপর প্রভাব পড়েছে কি-না।

D. তদন্ত শেষে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য OORS-এ লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগ প্রমাণিত হয়েছে কি-না সে সিদ্ধান্ত; এবং সে আচরণটির ফলে এই প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, সে সিদ্ধান্ত। কথিত শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর যৌন হয়রানির রিপোর্ট পাবার দশ (10) স্কুল দিবসের মধ্যে এই তথ্য অবশ্যই অনলাইন রিপোর্টিং সিস্টেমে এন্টার করতে হবে, পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া। OORS রিপোর্টের একটি কপি অবশ্যই টাইটেল নাইন কোঅর্ডিনেটর এবং বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেসের কাছে পাঠাতে হবে।

E. কোনো অভিযোগ প্রমাণিত কি-না এবং আচরণটির কারণে এ প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই কথিত ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে লিখিতভাবে তা জানাতে হবে। যদি কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে, তাহলে এই বিজ্ঞপ্তিতে অবশ্যই বিষয়টি নিয়ে কথা বলার ও পরিবর্তিতে করণীয় পদক্ষেপ সম্পর্কে এবং সন্তানের জন্য কোনো হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা আছে কি-না, জানতে পিতামাতাদেরকে স্কুলের সাথে যোগাযোগ করার সুপারিশ থাকতে হবে। পিতামাতাদেরকেকে অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে বিষয়টি জানাতে হবে। সেকশন II.K-এর সাথে সামঞ্জস্য রেখে কথিত শিকার যে শিক্ষার্থী, যদি তার পিতামাতাদেরকে না জানানর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে, তাহলে সেসব পিতামাতাদেরকে এই প্যারাগ্রাফে বর্ণিত তথ্যগুলি সম্পর্কে জানানো যাবে না।

F. সেকশন III.E-তে বর্ণিত তথ্য শিক্ষার্থীর রেকর্ডের তথ্যের গোপনীয়তা সংরক্ষণের স্টেট এবং ফেডারেল আইন অনুযায়ী প্রদান করা হবে। অতএব, কথিত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীর পিতামাতাকে শুধু পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ

অথবা সহায়তা বিষয়ে জানানো হতে পারে এবং অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে শুধু যেকোন পদক্ষেপ গ্রহণ, হস্তক্ষেপ, অথবা সহায়তা যা অভিযুক্ত শিক্ষার্থীর জন্য প্রাসঙ্গিক সেগুলি জানানো হবে।

G. তদন্ত শুরুর আগে বা তদন্ত চলাকালে যে কোনো সময় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি সিদ্ধান্ত নেন যে শিক্ষার্থীর (কথিত শিকার শিক্ষার্থী ও সাক্ষীসহ) মঙ্গলের জন্য হস্তক্ষেপ ও সহায়তা তদন্তের চূড়ান্ত সমাপ্তির আগেই প্রয়োজন, তাহলে শিক্ষার্থীর পিতামাতাদেরকে অবশ্যই জানাতে হবে এবং সেকাশন IV অনুযায়ী উপযুক্ত হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা বাস্তবায়ন ও নজরদারি করতে, এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

IV. পরবর্তী পদক্ষেপ

A. আচরণটি বন্ধ হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে উদ্যোগ নিতে ও যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

B. সেকশন III অনুযায়ী তদন্ত শেষ হওয়া এবং সিদ্ধান্ত গ্রহণের পর, ভুক্তভোগী এবং অভিযুক্ত শিক্ষার্থী, এবং যথাযথ সাক্ষীদের ব্যাপারে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার মূল্যায়ন অবশ্যই কেস-বাই-কেস ভিত্তিতে করা হবে এবং অবশ্যই যথোপযুক্তভাবে মনিটর এবং পরিমার্জন করা হবে। হস্তক্ষেপ ও সহায়তার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে, তবে নিচে তা সেগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- স্কুলের ভিতরে অথবা স্কুলের বাইরে মেডিকেল পরিষেবার রেফারাল;
- স্কুলের সোশাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সিলর, সাইকোলজিস্ট, কিংবা অন্য কোন যথাযথ স্কুল স্টাফের কাছে, কিংবা কোন কমিউনিটি-বেজড্ এজেন্সির কাছে কাউন্সেলিং, সহায়তা, এবং/অথবা শিক্ষা বা মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য সুপারিশ করে পাঠানো;
- অ্যাকাডেমিক সহায়তা ও পরিবর্তন (যেমন ক্লাস, লাঞ্চ/অবকাশ কিংবা আফটার স্কুল প্রোগ্রামের সময়সূচি পরিবর্তন); এবং
- একটি ইনডিভিজুয়াল সাপোর্ট প্ল্যান (ব্যক্তিক সহায়তা পরিকল্পনা অবশ্যই তৈরি এবং বাস্তবায়ন হবে এমন একজন শিক্ষার্থীর জন্য যে কিনা একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা তার অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা অধিকবার লঙ্ঘন করেছে তার জন্য)

সহায়তা এবং হস্তক্ষেপ সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য শৃঙ্খলা-বিধিতে পাওয়া যাবে। মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসন - কোনটিই কোন অবস্থাতে একটি বুলিইং বা ভীতি-প্রদর্শনের উপযুক্ত হস্তক্ষেপ নয়। (যদি বদলি যথোপযুক্ত হয়, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-101 এবং A-449 দেখুন যা বদলির নীতি ও কার্যপ্রণালীর নিয়ম প্রতিষ্ঠা করে)।

C. যখন কোন ব্যক্তি তার ডেটিং পার্টনারকে নিয়ন্ত্রণ করার জন্য হুমকি অথবা প্রকৃত শারীরিক, যৌন এবং/অথবা আবেগগত নিয়ন্ত্রণের প্যাটার্ন ব্যবহার করে, তখন স্কুলের উচিত কাউন্সেলিং, সহায়তা এবং শিক্ষালাভের জন্য

ভুক্তভোগী এবং এধরনের আচরণকারী শিক্ষার্থী উভয়কেই ভিন্ন ভিন্ন যথোপযুক্ত স্কুল বা কম্যুনিটিভিত্তিক এজেন্সিতে পাঠান।

D. যেসব শিক্ষার্থী এ প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়েছে, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443-তে বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে।

E. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পক্ষগুলো ও সাক্ষীদের প্রতি প্রদত্ত সকল হস্তক্ষেপ ও সহায়তা এবং নিষিদ্ধ আচরণে নিযুক্ত থাকার ফল হিসেবে শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) বিরুদ্ধে গৃহীত সকল শাস্তিমূলক পদক্ষেপগুলো সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিংস্ অনলাইন সিস্টেম-এ ("SOHO") OORS-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

V. প্রতিরোধ, অবহিতকরণ ও প্রশিক্ষণ

A. OSYD (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts সাইটে লভ্য) কর্তৃক প্রস্তুতকৃত নোটিসের একটি কপি প্রতিটি স্কুলকে অবশ্যই দৃষ্টিগ্রাহ্য স্থানে যেখানে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীদের অভিগম্যতা আছে সেসব স্থানে পোস্ট করতে হবে - শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে যৌন হয়রানির ক্ষেত্রে DOE-র নীতির ব্যাখ্যাসহ। নোটিসে অবশ্যই নিয়োগপ্রাপ্ত SHP লিঁয়াজোর নামের উল্লেখ থাকবে যিনি যৌন হয়রানিমূলক ঘটনার রিপোর্ট নেবেন এবং আবশ্যিকভাবে উল্লিখিত হবে এই প্রবিধনের স্কুল কপিগুলির কোথায় সেটি পাওয়া যাবে এবং কীভাবে রিপোর্ট করতে হবে।

B. প্রতিটি স্কুলকে অবশ্যই সকল স্কুল কর্মী, পিতামাতা, এবং শিক্ষার্থীদের কাছে রিপোর্ট করার নিয়ম ব্যাখ্যাসহ এই প্রবিধানের নীতিমালা ও কার্যপ্রণালীকে ভালোভাবে তুলে ধরা OSYD-এর প্রস্তুত করা লিখিত উপকরণ (পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts সাইটে) প্রতিবছর বিতরণ অথবা ইলেক্ট্রনিকভাবে লভ্য রাখতে হবে। স্কুলবছরে স্কুলে প্রবেশকারী পিতামাতা/শিক্ষার্থীকে এনরোলমেন্ট হওয়ার পর অবশ্যই এ তথ্য পেতে হবে।

C. প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে SHP লিয়াজোঁ-এর নাম ও যোগাযোগের তথ্য স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা আছে এবং শিক্ষার্থী ও পিতামাতাদেরকে বছরে অন্তত একবার ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে, কিন্তু এতেই সীমিত নয়, শিক্ষার্থীর বাড়িতে পাঠিয়ে, কিংবা অন্য কোন প্রক্রিয়ায় জানানো হয়েছে।

D. প্রত্যেক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থী এবং কর্মচারীদেরকে (এর অন্তর্ভুক্ত শিক্ষা প্রদান করে না এমন কর্মীও) প্রত্যেক বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে তথ্য এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

E. প্রত্যেক প্রিন্সিপ্যাল যৌন হয়রানি (এর অন্তর্ভুক্ত যৌন সহিংসতা) শনাক্তকরণ এবং তা প্রতিরোধ, বৈষম্য-বিরোধী নীতিমালা এবং আইন, ক্ষোভ প্রকাশের প্রক্রিয়া এবং যেসব লভ্য রিসোর্স রয়েছে সেগুলি সংশ্লিষ্ট পক্ষসমূহের কাছে প্রতিবছরের 31 অক্টোবরের মধ্যে লভ্য রাখবে। প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন যে, সেকশন III-এ বর্ণিত যে ব্যক্তিকে তদন্ত পরিচালনার জন্য নিয়োগ দেয়া হয়েছে, সে প্রত্যেক স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে এই ধরনের ট্রেনিংও লাভ করেছে।

F. প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই আরও নিশ্চিত করবেন যে, সেকশন V.D-তে বর্ণিত স্কুল ট্রেনিং ব্যতিরেকেও,

SHP লিঁয়াজো OSYD কর্তৃক তৈরিকৃত বাধ্যতামূলক SHP ট্রেনিং সম্পূর্ণ করে।

G. এই প্রবিধানের একটি কপি পিতামাতা, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য অনুরোধসাপেক্ষে প্রদানের ব্যবস্থা থাকতে হবে।

VI. সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা

প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রতি স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে নিম্নলিখিত তথ্য স্কুলের বার্ষিক কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ডেভেলপমেন্ট প্ল্যান এ দাখিল করতে হবে:

A. SHP লিয়াজোঁ(গণ)-এর নাম। এ তথ্য অবশ্যই যথাযথভাবে হালনাগাদ করতে হবে।

B. এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা ও পদ্ধতিসমূহ শিক্ষার্থী এবং কর্মকর্তাদের (শিক্ষাদানের সাথে যুক্ত নয় এমন কর্মীও অন্তর্ভুক্ত) সঙ্গে আলোচিত হয়েছে তার প্রত্যয়ন; এবং

C. প্রত্যয়ন এবং তারিখ যে, প্রিন্সিপ্যাল, SHP লিঁয়াজো, এবং সেকশন III-এ বর্ণিত তদন্ত পরিচালনায় নিয়োগপ্রাপ্ত ব্যক্তি – এই প্রবিধানের শর্ত অনুযায়ী ট্রেনিং লাভ করেছে।

VII. CONFIDENTIALITY

DOE-এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় সকল পক্ষ এবং সাক্ষী প্রদত্ত রিপোর্টসমূহের গোপনীয়তা রক্ষা করা। তবে, পুলিশি তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতার বিপরীতে এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে এই গোপনীয়তাকে অবশ্যই সুসমঞ্জসপূর্ণ হতে হবে। সুতরাং, রিপোর্ট সংক্রান্ত তথ্য এই প্রবিধানের অধীন তথ্য যথাযথ পরিস্থিতি কিংবা আইনি বাধ্যবাধকতা অনুযায়ী কিংবা যখন কোনো শিক্ষার্থীর নিরাপত্তা বা স্বাস্থ্যগত ঝুঁকির কারণে আবশ্যক হয়, তখন প্রকাশ করা হতে পারে।

VIII. বিকল্প অভিযোগ পদ্ধতি

এসব অভ্যন্তরীণ প্রক্রিয়া একজন ব্যক্তির অন্য উপায়ে সাহায্য লাভের অধিকার খর্ব করে না, যার অন্তর্গত নিচে উল্লিখিত কোন বহিরাগত সংস্থায় অভিযোগ দায়ের করা:

Office for Civil Rights

New York Office

32 Old Slip, 26 Floor

New York, NY 1005-2500 ফোন (646) 428-
3800

ফ্যাক্স: (646) 428-3843

OCR.NewYork@ed.gov

http://www.ed.gov/ocrINQUIRIES

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of School and Youth Development

NYC Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

ফোন: (212) 374-6807

ফ্যাক্স: (212) 374-5751

RespectForAll@schools.nyc.gov

টাইটেল নাইন কোঅর্ডিনেটর

Title_IX_Inquiries@schools.nyc.gov

ফোন: (718) 935-4987